

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১২৮৬

৩৫/ কুরবানী (كتاب الأضاحي)

পরিচ্ছেদঃ ৩৫/৪. রক্ত প্রবাহিত করে এমন বস্তু দিয়ে যব্হ করা জায়িয় তবে দাঁত, নখ ও হাড় ব্যতীত।

جواز الذبح بكل ما أنهر الدم إلا السن والظفر وسائر العظام

আরবী

حديث رَافِعِ بْنِ خَدِيجٍ، قَالَ: كُنَّا مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، بِذِي الْحُلَيْفَةِ، فَأَصابَ النَّاسَ جُوعٌ، فَأَصابُوا إِبِلاً وَغَنَمًا، قَالَ: وَكَانَ النَّبِيُّ فِي أُخْرَيَاتِ الْقَوْمِ، فَعَجلوا وَذَبَحُوا وَنَصَبُوا الْقُدُورِ فَأَكُوبَّتْ، ثُمَّ قَسَمَ، فَعَدَلَ وَنَصَبُوا الْقُدُورِ فَأَكُوبَّتْ، ثُمَّ قَسَمَ، فَعَدَلَ عَشَرَةً مِنَ الْغَنَم بِبَعِيرٍ، فَنَدَّ مِنْهَا بَعِيرٌ، فَطْلَبُوهُ فَأَعْيَاهُمْ وَكَانَ فِي الْقَوْمِ خَيْلٌ يَسِيرةٌ فَطَكَرُم مِنْهَا مَنْهُمْ بِسَهْمٍ، فَحَبَسَهُ اللهُ ثُمَّ قَالَ: إِنَّ لِهِذِهِ الْبَهَائِمِ أُوابِدَ كَأُوابِدِ الْوَحْشِ، فَمَا غَلَبَكُمْ مِنْهَا فَاصْنَعُوا بِهِ هَكَذَا قُلْتُ: إِنَّا نَرْجُو أَوْ نَخَافُ الْعَدُو غَدًا، وَلَيْسَتْ مُدًى، غَلَبُكُمْ مِنْهَا فَاصْنَعُوا بِهِ هَكَذَا قُلْتُ: إِنَّا نَرْجُو أَوْ نَخَافُ الْعَدُو غَدًا، وَلَيْسَتْ مُدًى، وَسَأَحْدَرُ اسْمُ اللهِ عَلَيْهِ، فَكُلُوهُ، لَيْسَ السِنَّ وَالظُّفُرَ، وَسَأَحْدَرُ أَنْكُمْ عَنْ ذَلِكَ أَمَّا السِّنُّ فَعَظُمٌ، وَأَمَّا الظَّفُرُ فَمُدَى الْحَبَشَةِ

বাংলা

১২৮৬. রাফি ইবনু খাদীজ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে যুলহুলায়ফাতে ছিলাম। সাহাবীগণ ক্ষুধার্ত হয়ে পড়েন, তারা কিছু উট ও বকরী পেলেন। রাফি (রাঃ) বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দলের পিছনে ছিলেন। তারা তাড়াহুড়া করে গনীমতের মাল বন্টনের পূর্বে সেগুলোক যবহ করে পাত্রে চড়িয়ে দিলেন। তারপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নির্দেশে পাত্র উলটিয়ে ফেলা হল। তারপর তিনি (গনীমতের মাল) বন্টন শুরু করলেন। তিনি একটি উটের সমান দশটি বকরী নির্ধারণ করেন। হঠাৎ একটি উট পালিয়ে গেল। সাহাবীগণ উটকে ধরার জন্য ছুটলেন, কিন্তু উটটি তাঁদেরকে ক্লান্ত করে ছাড়ল। সে সময় তাদের নিকট অল্প সংখ্যক ঘোড়া ছিল। অবশেষে তাঁদের মধ্যে একজন সেটির প্রতি তীর ছুঁড়লেন। তখন আল্লাহ উটটিকে থামিয়ে দিলেন।

তারপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, নিশ্চয়ই পলায়নপর বন্য জন্তুদের মত এ সকল চতুষ্পদ জন্তুর মধ্যে কতক পলায়নপর হয়ে থাকে। কাজেই যদি এসব জন্তুর কোনটা আমাদের উপর প্রবল হয়ে উঠে তবে তার সাথে এরূপ করবে। (রাবী বলেন), তখন আমার দাদা [রাফি' (রাঃ)] বললেন, আমরা আশঙ্কা করছি যে, কাল



শক্রর সাথে মুকাবিলা হবে। আর আমাদের নিকট কোন ছুরি নেই। তাই আমরা ধারালো বাঁশ দিয়ে যবেহ করতে পারব কি? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, যে বস্তু রক্ত প্রবাহিত করে এবং যার উপর আল্লাহর নাম নেয়া হয়, সেটা তোমরা আহার করতে পার। কিন্তু দাঁত বা নখ দিয়ে যেন যবেহ না করা হয়। আমি আমাদেরকে এর কারণ বলে দিচ্ছি। দাঁত তো হাড় আর নখ হলো হাবশীদের ছুরি।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৪৭; অংশীদারিত্ব, অধ্যায় ৩, হাঃ ২৪৮৮; মুসলিম, পর্ব ৩৫: কুরবানী, অধ্যায় ৪, হাঃ ১৯৬৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ রাফি ইবনু খাদীজ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন